# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

www.kb.gov.bd

কব্যপ্রমাসবি পরিপত্র নং-০২/২০২৪ তারিখ : ০১ এপ্রিল ২০২৪

সকল বিভাগীয় উপমহাব্যবস্থাপক/
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/
আঞ্চলিক ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক ।

**বিষয়: কর্মসংস্থান ব্যাংকের বিভিন্ন কার্যালয় ও শাখাসমূহের জন্য উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে নির্বাচিত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আল-আরাফাত সার্ভিসেস প্রা: লি:-এর মাধ্যমে অস্থায়ী অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরীর সেবা ক্রয়।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কর্মসংস্থান ব্যাংকের বিভিন্ন কার্যালয় ও শাখাসমূহের জন্য উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে নির্বাচিত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আল-আরাফাত সার্ভিসেস প্রা: লি:-এর মাধ্যমে ৬৮ (আটষট্টি) জন অস্থায়ী অফিস সহায়ক ও ৩১ (একত্রিশ) জন অস্থায়ী নিরাপত্তা প্রহরীর সেবা ক্রয়ের লক্ষ্যে ২৭.০৩.২০২৪ তারিখে Contract Agreement সম্পাদন করা হয়েছে। উক্ত চুক্তির মেয়াদ ০১.০৪.২০২৪ তারিখ হতে ৩১.০৩.২০২৫ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। কর্মসংস্থান ব্যাংক ও আল-আরাফাত সার্ভিসেস প্রা: লি:-এর মধ্যে স্বাক্ষরিত Contract Agreement অনুযায়ী দৈনিক ০৮ (আট) ঘন্টা দায়িত্ব পালনের ভিত্তিতে বাংলাদেশের সর্বত্র ০১ (এক) জন অস্থায়ী অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরীর সেবা মূল্যসহ ব্যাংকের মাসিক সর্বসাকুল্যে খরচের বিভাজন নিম্নরূপ :

**ক) অস্থায়ী অফিস সহায়ক :**

(প্রকৃত টাকায়)

| ক্র:নং | এলাকা | সেবা মূল্য | আল-আরাফাত সা: প্রা: লি: এর কমিশন | সেবামূল্যসহ কমিশন | আল-আরাফাত সা: প্রা: লি: এর | | ভ্যাট | সর্বমোট মাসিক সেবামূল্য (জনপ্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সেবামূল্য ও কমিশনের উপর উৎসে কর | প্রাপ্য | | |
| ১ | ২ | ৩ | ৪=৩ এর ৫% | ৫= ৩+৪ | ৬=৫ এর ২% | ৭= ৪-৬ | ৮= ৫ এর ১৫% | ৯=৫+৮ |
| অ) | ঢাকা মেট্রোপলিটন | ১৭,৬১০ | ৮৮০ | ১৮,৪৯০ | ৩৭০ | ৫১০ | ২,৭৭৪ | ২১,২৬৪ |
| আ) | চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর | ১৬,৬২০ | ৮৩১ | ১৭,৪৫১ | ৩৪৯ | ৪৮২ | ২,৬১৮ | ২০,০৬৯ |
| ই) | অন্যান্য স্থান | ১৬,১৩০ | ৮০৬ | ১৬,৯৩৬ | ৩৩৯ | ৪৬৭ | ২,৫৪০ | ১৯,৪৭৬ |

**খ) অস্থায়ী নিরাপত্তা প্রহরী:**

(প্রকৃত টাকায়)

| ক্র:নং | এলাকা | সেবা মূল্য | আল-আরাফাত সা: প্রা: লি: এর কমিশন | সেবামূল্যসহ কমিশন | আল-আরাফাত সা: প্রা: লি: এর | | ভ্যাট | সর্বমোট মাসিক সেবামূল্য (জনপ্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সেবামূল্য ও কমিশনের উপর উৎসে কর | প্রাপ্য | | |
| ১ | ২ | ৩ | ৪=৩ এর ৫% | ৫= ৩+৪ | ৬=৫ এর ২% | ৭= ৪-৬ | ৮= ৫ এর ১০% | ৯=৫+৮ |
| অ) | ঢাকা মেট্রোপলিটন | ১৭,৬১০ | ৮৮০ | ১৮,৪৯০ | ৩৭০ | ৫১০ | ১,৮৪৯ | ২০,৩৩৯ |
| আ) | চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর | ১৬,৬২০ | ৮৩১ | ১৭,৪৫১ | ৩৪৯ | ৪৮২ | ১,৭৪৫ | ১৯,১৯৬ |
| ই) | অন্যান্য স্থান | ১৬,১৩০ | ৮০৬ | ১৬,৯৩৬ | ৩৩৯ | ৪৬৭ | ১,৬৯৪ | ১৮,৬৩০ |

চলমান পাতা-০২

০৪। অস্থায়ী নিরাপত্তা প্রহরীর ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেনি পাশ এবং অফিস সহায়কের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি. অথবা সমমানের হতে হবে। উভয় ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ হতে ৬০ বছর।

০৫। আল-আরাফাত সার্ভিসেস প্রা: লি:-এর মাধ্যমে অস্থায়ী অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী হিসেবে যোগদানকালীন সংশ্লিষ্ট কার্যালয়/ বিভাগ/শাখায় নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করবেন:

(ক) আল-আরাফাত সার্ভিসেস প্রা: লি: কর্তৃক ইস্যুকৃত নিয়োগপত্র;
(খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি;
(গ) স্থানীয় ০২ (দুই) জন গণ্যমান্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র যার ০১ (এক)টি অস্থায়ী নিরাপত্তা প্রহরী/অফিস সহায়কের আত্মীয় কর্তৃক প্রদত্ত হবে;
(ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
(ঙ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবি;
(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

০৬। উল্লেখ্য, আল-আরাফাত সার্ভিসেস প্রা:লি:-এর সাথে নতুন চুক্তি ০১.০৪.২০২৪ তারিখ হতে কার্যকর হওয়ায় উক্ত তারিখের পূর্বের চুক্তি বাতিল বলে গণ্য হবে। তবে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পুরাতন চুক্তিপত্র অনুযায়ী নিয়োগকৃত অস্থায়ী নিরাপত্তা প্রহরী/অফিস সহায়কগণ নতুন Contract Agreement এর আওতায় মজুরি প্রাপ্য হবেন।

০৭। এমতাবস্থায়, দৈনিক ০৮ ঘন্টা দায়িত্ব পালনের ভিত্তিতে ০১.০৪.২০২৪ তারিখ হতে কার্যকর করে বাংলাদেশের সর্বত্র ০১ (এক) জন অস্থায়ী অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী-কে সর্বমোট মাসিক সেবামূল্য হতে কমিশন, ভ্যাট এবং উৎসে কর কর্তনপূর্বক সেবামূল্য প্রদান করতে হবে। কর্তনকৃত কমিশন, ভ্যাট এবং উৎসে কর পরিশোধের জন্য প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগে ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৮। এ বিষয়ে কোনো অস্পষ্টতা দেখা দিলে এ বিভাগের সাথে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত
০১.০৪.২০২৪
**(এস. এম. এমাম মাসুম)**
উপমহাব্যবস্থাপক
ফোন: ০২-৪১০৫০৫৭১

সূত্র নম্বর-৫৩.১৭.০০০০.১১০.১১.০০২.২৪.২৭৬২(৩৩৮) তারিখ: ০১ এপ্রিল ২০২৪

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল</u> :

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা;
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্বে) মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও নিরীক্ষা) মহোদয় এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপমহাব্যবস্থাপক,আইটি বিভাগ-কে এ পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৬. বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৭. ব্যবস্থাপনা পরিচালক, আল -আরাফাত সার্ভিসেস প্রা: লি:, ক-২৩, কলাচান্দপুর (২য় তলা), বারিধারা, নর্থ রোড,গুলশান,ঢাকা-১২১২;
৮. অফিস নথি/ মহানথি/এমআইএস।

০১.০৪.২০২৪
**(মোছাঃ জেবুন নাহার নাছরিন)**
সহকারী মহাব্যবস্থাপক
ফোন: ০২-৪১০৫০৫৭৩